


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com




বৃহস্পতিবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৮৬ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ০৫ শ্রাবণ ১৪৩০ ॥ ০১ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ২০ জুলাই ২০২৩

## বাংলাদেশের উপকূলে ১৩০ কোটি ডলার বিনিয়োগে আগ্রহী ডেনমার্ক

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম বৈঠক শেষে রাষ্ট্রদূতকে উদ্ধৃত করে বলেন, 'ডেনমার্ক সমুদ্র উপকূলবর্তী এলাকায় বায়ু শক্তি উৎপাদনে বাংলাদেশে ১৩০ কোটি মার্কিন ডলার বিনিয়োগে আগ্রহী।' মিডিয়া ব্রিফিংয়ে প্রেস সচিব আরও বলেন, 'প্রধানমন্ত্রী ২-এর পাতায় দেখুন



## উজরা জেয়ার বাংলাদেশ সফর সম্পর্কে যা বলছে যুক্তরাষ্ট্র

**নিজস্ব প্রতিবেদক :** যুক্তরাষ্ট্রের বেসামরিক নিরাপত্তা, গণতন্ত্র ও মানবাধিকারবিষয়ক আন্ডার সেক্রেটারি উজরা জেয়ার বাংলাদেশ সফর নিয়ে কথা বলেছেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার। তিনি বলেছেন, বাংলাদেশে অবাধ ও ২-এর পাতায় দেখুন



## হিরো আলমের ওপর হামলা ঘটনায় ইইউসহ ১২ দেশের যৌথ বিবৃতি

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা-১৭ আসনের প্রার্থী হিরো আলমের ওপর হামলার ঘটনায় নিন্দা জানিয়ে ইউরোপিয়ান ইউনিয়নসহ ১২ দেশ যৌথ বিবৃতি দিয়েছে। বিবৃতিতে বলা হয়, গণতান্ত্রিক প্রক্রিয়ায় সহিংসতার কোনো স্থান নেই। আমরা পূর্ণ তদন্ত ও দোষীদের জবাবদিহিতার দাবি জানাই।






## আওয়ামী লীগ দেশে গণতন্ত্র ফিরিয়ে এনেছে

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনার আইসিটি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, আওয়ামী লীগ স্বৈরাচারী ও উগ্রপন্থীদের সহিংস থাবা মোকাবিলা করে দেশে গণতন্ত্র ফিরিয়ে এনেছে। গত মঙ্গলবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ কথা লেখেন তিনি। সজীব ওয়াজেদ জয় লিখেছেন, ?'১৯৭১ সালে পাকিস্তানিদের কাছ থেকে বিজয় ছিনিয়ে আনার পর বাংলাদেশ আরও অনেক বছর গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য সংগ্রাম করে। ১৯৭৫ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার পর দেশে পাকিস্তানি ধাচের স্বৈরাচার শুরু হয়।

# তৃণমূল পর্যায়ে সরকারি অফিসে জবাবদিহিতা নিশ্চিত করতে প্রধানমন্ত্রীর আহ্বান

**নিজস্ব প্রতিবেদক :** তিনি বলেন, 'মন্ত্রণালয়গুলো তাদের অন্যান্য অফিসের সাথে এপিএ স্বাক্ষর করবে- যাতে (সরকারি অফিসগুলিতে) তৃণমূল পর্যায় পর্যন্ত যোগাযোগ ও জবাবদিহিতা নিশ্চিত করা যায়। আমরা যদি এইভাবে কাজ করতে পারি, তাহলে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত করতে পারব।'



প্রধানমন্ত্রী গতকাল বুধবার তাঁর কার্যালয়ে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক পারফরম্যান্স চুক্তি (এপিএ) স্বাক্ষর অনুষ্ঠানে ভাষণে একথা বলেন। তিনি সরকারের কর্মপরিকল্পনা বাস্তবায়নে উত্তরসূরিদের প্রস্তুত করতে পদস্থ সরকারি কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান।

শেখ হাসিনা বলেন, 'যদি আমরা কাজের প্রতি আন্তরিকতা, আত্মসম্মানবোধ, জবাবদিহিতা নিশ্চিত করতে ও দুর্নীতি থেকে দূরে থাকতে পারি তাহলে যে কোনো কঠিন পরিস্থিতি কাটিয়ে উঠতে, এমনকি অসম্ভবকেও সম্ভব করতে পারি।

## অনন্য আলোয় আলোকিত দেশপ্রেমিক এক শিল্পপতি ও তাঁর সাফল্য গাথা

### এম এ রাজ্জাক খান রাজ সিআইপি

**এম এ রাজ্জাক খান রাজ, সিআইপি। মিনিস্টার-মাইওয়ান গ্রুপ এবং মিনিস্টার হাইটেক পার্কের চেয়ারম্যান, এফবিসিসিআই ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ ভলিবল ফেডারেশন এবং হকি ফেডারেশনের ভাইস প্রেসিডেন্ট। বাংলাদেশ আওয়ামী লীগ কেন্দ্রীয় অর্থ ও পরিকল্পনা উপকমিটির সদস্য।**

**নিজস্ব প্রতিবেদক :** এম এ রাজ্জাক খান রাজ সিআইপি, শুধু একটি নাম নয়, একটি অনুপ্রেরণাও। তিনি বাংলাদেশের উন্নয়নে একজন সফল উদ্যোক্তা হওয়ার পাশাপাশি তিনি একজন সমাজসেবক এবং রাজনৈতিক ব্যক্তি হয়ে দেশের এবং দেশের মানুষের জন্য নিরলস কাজ করে যাচ্ছেন। মিনিস্টার গ্রুপের চেয়ারম্যান ও প্রতিষ্ঠাতা হওয়ার সাথে সাথে তিনি আমাদের সকলের জন্য অনুপ্রেরণা ও উৎসাহের কেন্দ্রবিন্দু।



শিক্ষা জীবন তার খুবই আলোকিত।তার সঙ্গে আছে দেশপ্রেম।জন্মস্থান চুয়াডাঙ্গাতে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক শেষে উচ্চতর শিক্ষার জন্য ১৯৯৫ সালে দেশ ত্যাগ করে সিঙ্গাপুরে পাড়ি জমান । দেশ ত্যাগ করলেও দেশের প্রতি তার অকৃত্রিম ভালোবাসা সবসময় মনের মধ্যে বিচরণ করত। তাইতো মনের মধ্যে দেশ ও দেশের মানুষের জন্য কিছু একটা করার প্রবল ইচ্ছা তাকে সব সময় তাড়া করে বেড়াতো। সেই লক্ষ্যেই ১৯৯৯ সালে সিঙ্গাপুরের ইনস্টিটিউট অব টেকনিক্যাল এডুকেশন থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং শেষ করে দেশে চলে আসেন। দেশে ফিরে সাউথ ইস্ট বিশ্ববিদ্যালয় থেকে ইসলামিক স্টাডিজ বিষয়ের উপর বিএ এবং এমএ পাশ করেন এবং বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) থেকে 'বিজনেস ইথিক্স ইন ইসলামিক পার্সপেক্টিভস' বিষয়ের উপর এমফিল করেন। বর্তমানে তিনি বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি) তে 'কন্সট্রাক্টিং এ মডেল অব দ্যা সার্ভাইভাল স্ট্র্যাটেজি অব ম্যানুফেকচারিং ফার্মস টুওয়ার্ড এ্যাচিভিং সাসটেইনেবল গোলস' এর উপর পিএইচডি (ফেলো) করছেন।

তার রাজনৈতিক জীবনও কথা বলে মাটি ও মানুষের।

পারিবারিকভাবেই তারা বঙ্গবন্ধুর আদর্শ এবং মুক্তিযুদ্ধের চেতনাকে লালন করে বড় হয়ে উঠেছেন। আর তাইতো শৈশব থেকেই আওয়ামী লীগের রাজনৈতিক আদর্শের সাথে রক্তের টান অনুভব করেন। মুক্তিযুদ্ধের কয়েক বছর পর জন্ম হলেও পরিবার থেকে তিনি বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস এবং দেশকে গড়ে তোলার জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ২-এর পাতায় দেখুন

## ২৮ জুলাই এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ

**নিজস্ব প্রতিবেদক :** আগামী শুক্রবার (২৮ জুলাই) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হবে।

গতকাল বুধবার দুপুরে গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন আন্তঃশিক্ষা সমন্বয় বোর্ডের সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার। তিনি জানান, আগামী ২৮ জুলাই এসএসসি ও সমমান ফল প্রকাশ করা হবে। এদিন ফল প্রকাশে সম্মতি মিলেছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার। গত ৩০ এপ্রিল থেকে শুরু হয় এসএসসি ও সমমানের পরীক্ষা। শেষ হয় ২৮ মে। এবার ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীন এসএসসি, মাদরাসা শিক্ষা বোর্ডের অধীন দাখিল এবং কারিগরি ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গায় যুবলীগের তারুণ্যের জয়যাত্রা সমাবেশ অনুষ্ঠিত

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** তারুণ্যের জয়যাত্রা সমাবেশ চুয়াডাঙ্গায় অনুষ্ঠিত হয়েছে। বিএনপির সকল ষড়যন্ত্র রুখে দিতেই যুবলীগের এ তারুন্যের জয়যাত্রা সমাবেশ।

সমাবেশে জেলার যুবলীগের সকল ইউনিটের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন। বুধবার বিকালে জেলা যুবলীগের আয়োজনে চুয়াডাঙ্গা শহীদ চত্বরে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।



বিএনপির একদফা প্রতিহত ও রাজপথে মোকাবিলার লক্ষে যুবলীগ এ কর্মসূচি পালন করছেন। বর্তমান সরকারের অধিনে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয় যুবলীগ যে নির্দেশনা দেবে সেই ভাবেই রাজপথে কাজ করবো।

তারুণ্যের জয়যাত্রা সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক এ্যাড. ড. শামীম আল সাইফুল সোহাগ। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সদস্য এম জাহাঙ্গীর আলম, এ্যাডভোকেট শাহারিয়ার কবির, জুবায়ের আহমেদ সাব্বির। সমাবেশে সভাপতিত্ব করেন জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার। সমাবেশে যুবলীগের বিভিন্ন ইউনিটের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন। সমাবেশ শুরুর আগে জেলার বিভিন্ন স্থান থেকে ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গায় কৃষক হত্যা মামলায় ৪ জনের কারাদন্ড

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গায় কৃষক হত্যা মামলায় ৪ জনের কারাদন্ড দিয়েছে আদালত। বুধবার দুপুরে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা ও দায়রা জজ দ্বিতীয় আদালতের বিচারক মো. মাসুদ আলী এ রায় দেন। সাজাপ্রাপ্ত আসামিরা হলো চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার মারুফদা গ্রামের শাহাজুল মনুর ছেলে শাহনেওয়াজের যাবজ্জীবন কারাদন্ড ও ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে ৩ মাসের বিন-াশ্রম কারাদন্ড দেয়া হয়। এছাড়া একই গ্রামের শাহাজুল মুন, আমিরুল ইসলাম ও আল হাসান আবু সাঈদকে তিন বছর করে কারাদন্ড দেয়া হয়। সেই সঙ্গে ৫ হাজার টাকা জরিমানা ও আনাদায়ে ৩ মাসের ২-এর পাতায় দেখুন

## মহেশপুরে সংবাদিক আজাদকে লাঞ্ছিত করে ক্যামেরা ও মোবাইল ফোন সিনিয়ে নেওয়ার চেষ্টা

**নিজস্ব প্রতিবেদক :** এক লাইসেন্সে দু'টি সেচ পাম্প চলছে এমন সংবাদ পেয়ে সংবাদ সংগ্রহ করতে গেলে ঢাকা থেকে প্রকাশিত দৈনিক খোলা কাগজ ও চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এই আমার দেশ পত্রিকার সংবাদিক মোঃ আজাদকে লাঞ্ছিত করে ক্যামেরা ও মোবাইল ফোন সিনিয়ে নেওয়া হয়েছে। এ ঘটনাটি ঘটেছে গতকাল বুধবার সকালে ঝিনাইদহের মহেশপুর উপজেলার মান্দারবাড়ীয়া ইউনিয়নের বাথানগাছী গ্রামে।



এই ঘটনায় সাংবাদিক আজাদ বাদী হয়ে সাইফুল ইসলাম, মশিয়ার রহমান ও ইদ্রিশ আলীকে আসামী করে মহেশপুর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন।

সাংবাদিক আজাদ জানান, এক লাইসেন্সে দু'টি সেচ পাম্পের মটর চলছে বিদ্যুৎ পিলারের পরিবর্তে বাঁশ দিয়ে লাইন ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে বিদ্যুৎস্পৃষ্টে ব্যবসায়ীর মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ শহরের চাকলাপাড়া বিদ্যুৎস্পৃষ্টে শওকত আলী (৫০) নামের একব্যবসায়ীর মৃত্যু হয়েছে। বুধবার সকালে এ দুর্ঘটনা ঘটে। শওকত আলী সদর উপজেলার মহিষাকুন্ডু এলাকার মৃত শুকুর আলীর ছেলে। ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা জানান, শওকত আলী চাকলাপাড়া একটি ভাড়া বাসায় ইজিবাইক চার্জের ব্যবসা করত। বুধবার সকালে চার্জরত ইজিবাইকের প্লাগ খুলতে গিয়ে বিদ্যুতায়িত হয়ে গুরুতর আহত হয়। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে আওয়ামী লীগের শান্তি ও উন্নয়ন শোভাযাত্রা অনুষ্ঠিত



**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি-জামায়াতের সন্ত্রাস-নৈরাজ্যের প্রতিবাদ এবং সরকারের উন্নয়ন কর্মকান্ড তুলে ধরতে ঝিনাইদহে শান্তি ও উন্নয়ন শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। জেলা আওয়ামী লীগের উদ্যোগে বুধবার বিকালে জেলা আওয়ামী লীগের কার্যলয় থেকে একটি শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পোস্ট অফিস মোড়ে গিয়ে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত সমাবেশে আওয়ামী লীগের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য পারভীন জামান কল্পনা, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক সাইদুল করিম মিন্টু বক্তব্য রাখেন। সমাবেশে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী ২-এর পাতায় দেখুন



## সাতক্ষীরায় চাঞ্চল্যকর স্কুলছাত্রী সেঁজুতি হত্যার ঘটনায় প্রেমিকের যাবজ্জীবন কারাদন্ড

**সোহারাফ হোসেন সৌরাভ, সাতক্ষীরা :** সাতক্ষীরায় চাঞ্চল্যকর অষ্টম শ্রেনীর ছাত্রী সানজিদা হোসেন সেঁজুতি হত্যার ঘটনায় কথিক প্রেমিক মোঃ আব্দুর রহমানকে(২২) যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে আদালত। একইসাথে তাকে ১ লাখ টাকা জরিমানা ও অনাদায়ে আরও দুই বছরের সশ্রম কারাদন্ডর আদেশ প্রদান করা হয়েছে। বুধবার দুপুরে ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে আওয়ামী লীগের শান্তি ও উন্নয়ন শোভাযাত্রা অনুষ্ঠিত

**মেহেরপুর প্রতিনিধি :** সরকারের উন্নয়ন কে তুলে ধরতে সারাদেশে ন্যায় মেহেরপুরেও অনুষ্ঠিত হয়েছে শান্তি ও উন্নয়ন শোভাযাত্রা। বুধবার বিকাল সাড়ে পাঁচটার দিকে মেহেরপুর জেলা আওয়ামী লীগের উদ্যোগে শান্তি ও উন্নয়ন শোভাযাত্রা বের করা হয়। শোভাযাত্রাটি শহরের শহীদ শামসুজ্জোহা পার্কের সামনে থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে শেষ হয়। শোভাযাত্রায় নেতৃত্ব দেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক। এসময় উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি বোরহান আহমেদ চুন্নু, সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম, আমদহ ইউপি চেয়ারম্যান রওশন আলী ২-এর পাতায় দেখুন







## চুয়াডাঙ্গা হাসপাতাল পূর্ণাঙ্গ চালুর দাবীতে টানা দ্বিতীয় দিনের মতো অনশন

**এম এ মতিন, চুয়াডাঙ্গা :** চুয়াডাঙ্গা সদর হাসপাতাল পূর্ণাঙ্গ চালুর দাবীতে টানা দ্বিতীয় দিনের মতো অনশন করেছে মুক্তিযোদ্ধা সন্তান সংসদরা। বুধবার আমরন অনশনের সময় অনশনকারী চারজন জন অসুস্থ হযে পড়ে। তারা হলেন, জেলা শাখার সদস্য সচিব বখতিয়ার ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।




## ইবির পাঁচ শিক্ষার্থী বহিষ্কার বিধিসম্মত হয়নি : হাইকোর্ট

**রানা আহম্মেদ অভি, ইবি :** ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ফুলপরী নামের নবীন ছাত্রী নির্যাতনের ঘটনায় বিশ্ববিদ্যালয় থেকে পাঁচ শিক্ষার্থীকে বহিষ্কার করা বিধিসম্মত হয়নি বলে মন্তব্য করেছেন হাইকোর্ট। বুধবার বিচারপতি জে বি এম হাসানের নেতৃত্বাধীন দ্বৈত বেঞ্চ এ মন্তব্য করেন। এছাড়া আদালতে এ সংক্রান্ত পরবর্তী আদেশের জন্য ২-এর পাতায় দেখুন

## প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগের দাবিতে মেহেরপুর জেলা বিএনপির পদযাত্রা

**মেহেরপুর প্রতিনিধি:** প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদত্যাগসহ নির্দলীয় নিরপেক্ষ সরকার পুনঃপ্রতিষ্ঠার ১ দফা দাবিতে মেহেরপুর জেলা বিএনপ্বির পদযাত্রা কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালের দিকে পদযাত্রা কর্মসূচিতে নেতৃত্ব দেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ। পদযাত্রাটি শহরের নতুন বাস টার্মিনাল থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে ছহিউদ্দিন ডিগ্রী কলেজের সামনে গিয়ে শেষ হয়। এর আগে জেলা বিএনপির কার্যালয়ের সামনে এক সংক্ষিপ্ত পথসভা অনুষ্ঠিত হয়। পথসভায় মাসুদ অরুণ বলেন, এই সরকারের পদত্যাগ করে নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন দিতে হবে। আমরা মনে করি এই গণজোয়ার কর্মসূচির প্রতি শ্রদ্ধা জানিয়ে এই ২-এর পাতায় দেখুন



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com
বৃহস্পতিবার ২০ জুলাই ২০২৩

# বিএনপি-আ.লীগের পাল্টাপাল্টি কর্মসূচি
## দ্বিতীয় দিনেও রাজধানীতে তীব্র যানজট



**নিজস্ব প্রতিবেদক :** বিএনপি ও আওয়ামী লীগের পাল্টাপাল্টি কর্মসূচিতে দ্বিতীয় দিনেও রাজধানীতে যানজট তীব্র আকার ধারণ করেছে। ফলে গতকালের মতোই দুর্ভোগ পোহাতে হয়েছে রাজধানীবাসীকে।

বিশেষ করে আজ বুধবার (১৯ জুলাই) সকালে টঙ্গীর আব্দুল্লাহপুর থেকে বিএনপি পদযাত্রার কারণে সকাল থেকেই স্বাভাবিক যান চলাচল বাধাগ্রস্ত হয়। পদযাত্রা শুরুর আগে বিএনপি সেখানে সংক্ষিপ্ত সমাবেশ করে। এতে যান চলাচলে প্রতিবন্ধকতা তৈরি হয়ে আজকের যানজটের শুরু হয়। বিএনপির এই পদযাত্রা বিমানবন্দর সড়ক হয়ে কুড়িল বিশ্বরোড, নতুন বাজার, বাড্ডা, রামপুরা ব্রিজ, মালিবাগ, বাসাবো, মুগদা, সায়েদাবাদ হয়ে যাত্রাবাড়ীর দিকে যায় । তাদের এই পদযাত্রা শুরু হয় সড়কের এক পাশে যান চলাচল বন্ধ রেখে। এতে যানজটের ভোগান্তি পোহাতে হয় ওই সড়ক দিয়ে চলাচলকারী ব্যক্তিদের।

অন্যদিকে বিকেলে আওয়ামী লীগ নেতাকর্মীরা শান্তি ও উন্নয়ন শোভাযাত্রার জন্য তেজগাঁও সাত রাস্তা এলাকায় জড়ো হওয়ার পর রাজধানীর কেন্দ্রস্থলের আশপাশের সড়কগুলোতে যানজট ছড়িয়ে পড়ে।

দুই দলের পাল্টাপাল্টি কর্মসূচির কারণে গতকালও সকাল থেকে দিনভর যানজটের ভোগান্তি পোহাতে হয়েছে নগরবাসীকে। গাবতলী থেকে বিএনপি পদযাত্রা নিয়ে শহরের কেন্দ্রস্থলের দিকে যতটা এগিয়েছে ততোটাই বেড়েছে যানজট। এরমধ্যে সকাল থেকে মগবাজার মোড়ে তারা সমাবেশ করায় আশপাশের সড়ক দিয়ে যানবাহন চলে ধীরগতিতে। বিকেলে রমনার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট থেকে আওয়ামী লীগের শোভাযাত্রার কারণে যানজট আরও তীব্র আকার ধারণ করে।

## যমুনা নদী থেকে বালু উত্তোলনের দায়ে ৩ ব্যক্তিকে জরিমানা

**মাজহারুল ইসলাম শাওন, সরিষাবাড়ী (জামালপুর) :** জামালপুরের সরিষাবাড়ীতে যমুনা নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলনের দায়ে ৩ ব্যক্তিকে ৩০ হাজার টাকা অর্থ দন্ডাদেশ দিয়েছে ভ্রাম্যমান আদালত। মঙ্গলবার বিকেলে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট সহকারী কমিশনার (ভূমি) এ দন্ডাদেশ দেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলার পিংনা ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের ইউপি সদস্য নুরুল ইসলাম ও ফরিদ মিয়া সরকার দলের প্রভাব খাটিয়ে দীর্ঘদিন ধরে যমুনা নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলন করে আসছে। এতে আবাদি জমি বিনষ্ট হচ্ছে। হুমকির মুখে পড়েছে বসতবাড়িসহ অন্যান্য স্থাপনা। ক্ষতিগ্রস্থরা মৌখিকভাবে বারণ করলেও তারা তা মানেননি। একপর্যায়ে মঙ্গলবার দুপুরে স্থানী-য়রা বালু উত্তোলনকারী ওই চক্রের দুটি বালু ভর্তি ট্রলার আটক করে পুলিশে খবর দেয়। পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে আরো একটি ট্রলারসহ তিনজনকে আটক করে।

একইদিন বিকেলে তাদেরকে ভ্রাম্যমান আদালতে নেওয়া হলে ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট সহকারী কমিশনার (ভূমি) মো. সাদ্দাম হোসেন আটককৃতদের ৩০ হাজার টাকা অর্থ দন্ডাদেশ দেন। আটককৃতরা হলেন, ভুয়াপুরের আলমগীর হোসেনের ছেলে আল আমিন (৩০), মহিউদ্দিনের ছেলে জুয়েল মিয়া (৩২) ও বাচ্চু ফকিরের ছেলে তাশারফ আলী (৩০)।

## ঝিনাইদহে বিএনপির পদযাত্রা অনুষ্ঠিত




**বসির আহাম্মেদ :** শেখ হাসিনার পদত্যাগসহ নির্দলীয় নিরপেক্ষ সরকারের দাবীতে ঝিনাইদহে বিএনপির পদযাত্রা কর্মসূচী পালিত হয়েছে। বিএনপির কেন্দ্রীয় কর্মসূচীর আওয়াজ জেলা বিএনপির আয়োজনে বুধবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামান থেকে পদযাত্রা শুরু হয়। এতে ঝিনাইদহ জেলা ছাড়াও ৬ উপজেলা থেকে আসা কয়েক হাজার নেতাকর্মী অংশ নেয়। পদযাত্রাটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পায়রা চত্বর ঘুরে আরাপপুরে গিয়ে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত সমাবেশে বিএনপির জাতীয় নির্বাহী কমিটি খুলনা বিভাগীয় সহ-সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, ২-এর পাতায় দেখুন

### পুলিশের ওপর হামলা, গাড়ি ভাঙচুর
## খুলনায় যুবদল-ছাত্রদলসহ বিএনপির ৮০ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা

**নিজস্ব প্রতিবেদক :** খুলনায় বিএনপি, যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীদের বিরুদ্ধে পুলিশের কাজে বাধা, হামলা, গাড়ি ভাঙচুরের অভিযোগে মামলা হয়েছে। ১৪ জনের নাম উল্লেখসহ ৮০ নেতাকর্মীর বিরুদ্ধে মামলা দায়ের হয়েছে। খুলনা সদর থানার উপ-পরিদর্শক (এসআই) মো. শরিকুল ইসলাম বাদী হয়ে এ সোমবার (১৮ ?জুলাই) রাতে এ মামলাটি দায়ের করেন।

মামলার উল্লেখযোগ্য আসামীরা হলেন যুবদলের কেন্দ্রীয় সহ-সভাপতি নাজমুল হুদা চৌধুরী সাগর, মহানগর ছাত্রদলের আহবায়ক ইস্তিয়াক আহমেদ ইস্তি, সদস্য সচিব তাজিম বিশ্বাস, বিএনপি নেতা মাসুদ পারভেজ বাবু, মাহ-বুব হাসান পিয়ারু, ইবাদুল হক রুবায়েত, মো. হেলাল আহমেদ সুমন, মো. তাজিম বিশ্বাস, মো. রবি, আসাদুজ্জামান মিঠু, ২-এর পাতায় দেখুন

## শিক্ষাপ্রতিষ্ঠানের গ্রীষ্মকালীন ছুটি বাতিল

**নিজস্ব প্রতিবেদক :** শিক্ষা প্রতিষ্ঠানে গ্রীষ্মকালীন ছুটি বাতিল করা হয়েছে। গতকাল বুধবার (১৯ জুলাই) বিকেলে বেসরকারি শিক্ষক নেতাদের সঙ্গে বৈঠকে এই ঘোষণা দেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

সভায় শিক্ষামন্ত্রী বলেন, নতুন শিক্ষাক্রম বাস্তবায়নে এই ছুটি শীতের ছুটির সঙ্গে সমন্বয় করা হবে। ৩০ নভেম্বরের মধ্যে নতুন শিক্ষাক্রমে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির পাঠদান ২-এর পাতায় দেখুন




## মেহেরপুরে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে। বুধবার সকালের দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ ২-এর পাতায় দেখুন

## যশোর জেলা বিএনপি পদযাত্রা ও সমাবেশ অনুষ্ঠিত

**যশোর প্রতিনিধি :** যশোর জেলা বিএনপির পদযাত্রা পূর্বক সমাবেশে দলের খুলনা বিভাগীয় ভারপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, বর্তমান কতৃত্ববাদী সরকারের পতন সময়ের ব্যাপার মাত্র। সময় খুব সীমিত সরকারকে সিদ্ধান্ত নিতে হবে, আপনি নিজের ইচ্ছায় পদত্যাগ করবেন, নাকি জনগণের ওপর ছেড়ে দিবেন। নিজে ইচ্ছায় পদত্যাগ না করে, যদি জনগণের ওপর ছেড়ে দেন,তাহলে কোন পরিস্থিতির মধ্য দিয়ে জনগণ আপনার ওই অবৈধ ক্ষমতার মসনদ থেকে নামিয়ে ফেলবে, সেটি জনগণই ভালো জানে। সেখানে বিএনপি কিন্তু আপনাকে



রক্ষা করতে পারবে না। আজ এই সরকারের বিরুদ্ধে বিএনপি যে আন্দোলন করছে, এটি কেবল বিএনপির একার নয়, এর সাথে সমগ্র জনগণ জড়িয়ে গেছে। সমগ্র বিশ্ববাসী আজ একই দাবিতে কথা বলছে।

বর্তমান সরকারের পদত্যাগের ১ দফা দাবিতে জেলা বিএনপি আয়োজিত পদযাত্রা পূর্বক সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। জেলা বিএনপি কার্যালয়ের সামনে এই সমাবেশ অনুষ্ঠিত হয়। যদিও সকাল ১১ টায় পদযাত্রা শুরু হওয়ার কথা ছিল,কিন্তু সকাল থেকেই জেলা বিএনপির অধীনস্থ সকল ইউনিট,অঙ্গ ও সহযোগী ২-এর পাতায় দেখুন

## ৪ দিন ধরে বন্ধ রামপাল তাপবিদ্যুৎ কেন্দ্র

**নিজস্ব প্রতিবেদক :** টারবাইন ত্রুটির কারণে আবারো বন্ধ হয়ে গেছে রামপাল কয়লা ভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্রটি। চার দিন ধরে বন্ধ আছে এ বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন ও বিদ্যুৎ সরবরাহ। বর্তমানে কেন্দ্রটিতে জোরেশোরে চলছে টারবাইন মেরামতের কাজ। দু-একদিনের মধ্যে কেন্দ্রটির উৎপাদন ও বিদ্যুৎ সরবরাহ চালু সম্ভব হবে বলে জানিয়েছে কর্তৃপক্ষ।

গতকাল মঙ্গলবার রাতে রামপাল তাপ বিদ্যুৎ কেন্দ্রের উপ-মহাব্যবস্থাপক (ডিজিএম) মো. আনোয়ারুল আজিম জানান, টারবাইন ত্রুটির কারণে রোববার থেকে ফের কেন্দ্রটিতে বিদ্যুৎ উৎপাদন বন্ধ আছে। বর্তমানে 'ভারত হেভি ইলেক্ট্রিক্যালস লিমিটেডের' প্রকৌশলীরা টারবাইন মেরামতের কাজ করছেন।



## হরিণাকুণ্ডুতে কৃষকদের মাঝে ফলজ ও ঔষধি গাছের চারা বিতরণ

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় কৃষকদের মধ্যে ফলজ ও ঔষধি গাছের চারা বিতরণ করা হয়েছে। হরিণাকুণ্ডু উপজেলায় কৃষিতে পানি ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন অভিযোজন প্রকল্পের উদ্যোগে ফলজ এবংঔষধি গাছের চারা বিতরণ করা হয়েছে। গাছের চারা বিতরণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হরিণাকুণ্ডু পৌরস-ভার মেয়র ফারুক হোসেন । এছাড়াও ২-এর পাতায় দেখুন

## বিএনপিরা হিরো আলমের মতো লোককে নেতা বানাতে চাই : এমপি খোকন




**মেহেরপুর প্রতিনিধি :** ৭৪ মেহেরপুর-০২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেছেন, ঢাকা ১৭ আসনের একদিকে নির্বাচন চলছে অন্যদিকে বিএনপি'র নেতারা লাইভে এসে হিরো আলমের জন্য মায়া কান্না কাঁনছে। কতটা রুচি নষ্ট হয়েছে তাদের, কতটা অধঃপতন হয়েছে তাদের! হিরো আলমের মতো লোককে তারা এমপি বানাতে চাই, নেতার এত শূন্যতা। বেগম খালেদা জিয়া গৃহবন্দী, তার কুলাঙ্গার সন্তান দেশত্যাগী, মীর্জা ফখরুল ইসলাম আলমগীরের বয়স হয়ে গেছে। তারা এখন হিরো আলমের মতো লোককে নেতা বানাতে চাই। তিনিরআরো বলেন, হিরো আলমকে বিএনপি নেতাকর্মীরা ভোটে দাঁড় করিয়েছিলেন। হিরো আলমকে দিয়ে তারা বিশ্বের সারা মানুষকে দেখাতে চেয়েছিলেন আওয়ামী লীগের অধীনে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়। তারা নিজেদের বিএনপির নেতা কর্মীদের লেলিয়ে ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে সড়ক দুর্ঘটনায় কলেজ ছাত্র নিহত



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার কোদালিয়া গ্রামে মর্মান্তিক এক সড়ক দুর্ঘটনায় মিজানুর রহমান (১৭) নামে এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। হাটগোপালপুর রাইচরণ তারিনী চরণ ডিগ্রী কলেজের প্রথম বর্ষের ছাত্র মিজান হরিশংকরপুর গ্রামের শরিফুল ইসলামের ছেলে। তার মৃত্যুতে এলঅকায় শোকের ছায়া নেমে এসেছে। হরিশংকরপুর পুলিশ ক্যাম্পের এসআই শরিফুল ইসলাম জানান, বুধবার বেলা ১১টার দিকে কোদালিয়া প্রাইমারী স্কুলের কাছে মটরসাইকেলের নিয়ন্ত্রন হারিয়ে বৈদ্যুতিক খুটির সঙ্গে ধাক্কা খায় ২-এর পাতায় দেখুন

## গাংনীতে ছাত্রলীগের সমাবেশ অনুষ্ঠিত



**সাহাজুল সাজু :** প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করার অগ্রযাত্রা অব্যাহত রাখতে মেহেরপুরের গাংনীতে ছাত্রলীগের সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিকেল ৪টার দিকে গাংনী সিদ্দিকীয়া সিনিয়র মাদ্রাসা প্রাঙ্গণে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। এর আগে গাংনী উপজেলা শহরে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়।

এতে নেতৃত্ব প্রদান করেন মেহেরপুর-২(গাংনী) আসনের জাতীয় সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খাকেন।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ২-এর পাতায় দেখুন

## আয়করে আরও ছাড় পেলো সরকারি চাকরিজীবীরা

**নিজস্ব প্রতিবেদক :** সরকারি চাকরিজীবীদের মূল বেতন ও বোনাস ছাড়া আর যা পান, তার ওপর আয়কর দিতে হবে না বলে জানিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। গতকাল বুধবার দেয়া এক প্রজ্ঞাপনে এ করছাড়ের ঘোষণা দেয়া হয়।

সরকারি চাকরিজীবীদের প্রণোদনা দেওয়ার পর তাদের আরও করছাড়ের সুবিধা দিল সরকার। এবারের প্রজ্ঞাপনে করছাড়ের পরিধি বাড়ল। এত দিন সরকারি চাকরিজীবীরা যেসব খাতে করছাড় পেতেন সেগুলো হচ্ছে- বাড়িভাড়ায় মূল বেতনের ৫০ শতাংশ অথবা তিন লাখ টাকা পর্যন্ত হলে তাতে কর দিতে হতো না।




## জাতীয় শিক্ষা সপ্তাহের বিভিন্ন শ্রেষ্ঠত্ব অর্জনকারীদের মাঝে পুরস্কার বিতরণ

**মেহেরপুর প্রতিনিধি:** জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষ্যে মেহেরপুর জেলার শ্রেষ্ঠ শিক্ষক, শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ প্রধান শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠানসহ বিভিন্ন পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জনকারীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে। বুধবার সকালের দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ২-এর পাতায় দেখুন

## সামনে ডেঙ্গু পরিস্থিতি ভয়ঙ্কর হয়ে উঠতে পারে

**নিজস্ব প্রতিবেদক :** কয়েকদিন ধরেই রাজধানী ঢাকাসহ সারাদেশে বাড়ছে ডেঙ্গু রোগীর সংখ্যা। ডেঙ্গু রোগীদের সেবা দিতে ঢাকার শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালে খোলা হয়েছে ডেঙ্গু ওয়ার্ড।




স্বাস্থ্য অধিদপ্তরের সবশেষ তথ্য অনুযায়ি, দেশে ডেঙ্গুতে আক্রান্তের সংখ্যা ছাড়িয়েছে সাড়ে ২২ হাজার। আর মৃত্যুও শতাধিক। তবে সামনের দিনগুলোতে পরিস্থিতি আরো খারাপ হতে পারে বলে ধারণা করছেন চিকিৎসকরা।

শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ডা. খলিলুর রহমান বলেন, রোগীকে আগে পরীক্ষা করতে হবে ডেঙ্গু হয়েছে কিনা। হলে অবশ্যই ডাক্তারের পরামর্শ মত চলতে থাকবে। যদি অবস্থা আশঙ্কাজনক না হয় তবে বাসায় বসেই চিকিৎসা নিতে পারে। এ সময় রোগীকে প্রচুর পরিমাণে তরল জাতীয় খাবার যেমন স্যালাইন, ডাবের পানি, স্যুপ খাবে। এবং পর্যাপ্ত বিশ্রাম নিবে। এদিকে কারও যদি আশঙ্কাজনক পরিস্থিতি হয় তবে সঙ্গে সঙ্গে হাসপাতালে ভর্তি হতে হবে। আশঙ্কাজনক পরিস্থিতি হচ্ছে- একদম খেতে পারে না, প্রচুর বমি, তীব্র ব্যাথা, মাথা ঘুরানো, প্রস্রাব না হওয়া, কোথাও রক্তক্ষরণ হওয়া প্রভৃতি। এই ধরণের কোন লক্ষণ থাকলেই হাসপাতালে দ্রুত ভর্তি হতে হবে।



## বেনাপোলে বসত বাড়িতে দূর্বত্তদের ছোড়া পেট্রোলের আগুনে শিশুসহ জখম ২

**বেনাপোল প্রতিনিধি :** যশোরের বেনাপোল পোর্টথানার পোড়ানারানপুর গ্রামের মাহাফুজের বসতবাড়িতে দূর্বত্তদের দেওয়া পেট্রোলের আগুনে পুড়ে শিশুসহ দুই জন আহতে অভিযোগ উঠেছে। এসময় একটি মটরসাইকেলসহ ঘরের আসবাব পত্রের ক্ষতি হয়। দূর্বত্তরা ২-এর পাতায় দেখুন




## গাংনীতে ছাত্রলীগের শান্তি ও উন্নয়ন শোভাযাত্রা

**মেহেরপুর প্রতিনিধি:** আওয়ামী লীগের শান্তি ও উন্নয়ন শোভাযাত্রা করেছে মেহেরপুরের গাংনী উপজেলা ছাত্রলীগ। বুধবার বিকেলে শোভাযাত্রাটি গাংনী সিদ্দিকীয়া সিনিয়র (আলিম) মাদ্রাসা থেকে বের হয়ে শহর প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। শোভাযাত্রায় প্রধান অতিথী হিসেবে ছিলেন মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি। শোভাযাত্রা শেষে সিদ্দিকীয়া সিনিয়র (আলিম) মাদ্রাসা প্রাঙ্গণে সমাবেশ অনুষ্ঠিত হয়। উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি মাজেদুল ইসলাম রিমনের ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) সম্পাদক ও প্রকাশক : আলী কদর পলাশ, ভারপ্রাপ্ত সম্পাদক : তানভীর হাসান (জিসান হাই),ব্যবস্থাপনা সম্পাদক : আশরাফুল আলম চঞ্চল, নির্বাহী সম্পাদক : তুহিন আরণ্য
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮



# বোলিং র‍্যাঙ্কিংয়ে এগিয়ে সাকিব-নাসুম

**স্পোর্টস প্রতিবেদক :** আফগানিস্তানের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে দারুণ বোলিংয়ের পুরস্কার পেলেন সাকিব আল হাসান, নাসুম আহমেদ। আইসিসির বোলারদের র‍্যাঙ্কিংয়ে দুজনই পেলেন সুখবর। ব্যাটিংয়ে এগোলেন লিটন দাস। র‍্যাঙ্কিংয়ের সাপ্তাহিক হালনাগাদ বুধবার প্রকাশ করেছে বিশ্ব ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্তা সংস্থা আইসিসি। বোলারদের র‍্যাঙ্কিংয়ে ৮ ধাপ এগিয়েছেন বাংলাদেশের অধিনায়ক। নাসুমের উন্নতি হয়েছে ১৭ ধাপ। বল হাতে দুই ম্যাচে ৪ উইকেট নেন সাকিব। তার নামের পাশে যোগ হয়েছে ৩২ রেটিং পয়েন্ট। শাহিন শাহ আফ্রিদির সমান ৬১৬ রেটিং পয়েন্ট নিয়ে ১৬তে উঠে এসেছেন তিনি। স্রেফ ১ উইকেট পেলেও দুই ম্যাচে নিয়ন্ত্রিত বোলিংয়ে ৭ ওভারে ৩৫ রান দেন নাসুম। তিনি পেয়েছেন ৫৫ রেটিং পয়েন্ট। বড় লাফ দিয়ে ৫০ থেকে ৩৩ নম্বরে উঠেছেন বাঁহাতি স্পিনার। সাকিবের সমান ৪ উইকেট পাওয়া তাসকিন এগিয়েছেন ৩ ধাপ। ক্যারিয়ার সেরা ৫৫৮ রেটিং নিয়ে ৩৫ থেকে ৩২ নম্বরে উঠেছেন বাংলাদেশের তারকা পেসার। ৭১৩ রেটিং নিয়ে বোলিং র‍্যাঙ্কিংয়ের শীর্ষস্থান ধরে রেখেছেন রশিদ খান। সেরা দশে পরিবর্তন একটি। ৬ নম্বর থেকে ৭-এ নেমেছেন ফজলহক ফারুকি। তার জায়গা নিয়েছেন অ্যাডাম জাম্পা। ব্যাটিংয়ে লিটন দাস এগিয়েছেন তিন ধাপ। ২১ নম্বর থেকে যৌথভাবে ১৮তে উঠেছেন তিনি। রেটিং পয়েন্ট ৫৮৮। বাংলাদেশের ব্যাটসম্যানদের মধ্যে তিনিই সবার ওপরে। ছয় ধাপ পিছিয়ে ২৯ নম্বরে নেমে গেছেন নাজমুল হোসেন শান্ত। ব্যাটসম্যানদের র‍্যাঙ্কিংয়ে সেরা দশে কোনো পরিবর্তন নেই। ৯০৮ রেটিং নিয়ে সবার ওপরে সূর্যকুমার যাদব। অলরাউন্ডারদের মধ্যে ২৮৮ রেটিং পয়েন্ট নিয়ে এক নম্বরে রয়েছেন সাকিব। দুই ম্যাচে ৩৭ রান ও ৪ উইকেটের সৌজন্যে পেয়েছেন ১৯ পয়েন্ট। দুই নম্বরে থাকা হার্দিক পান্ডিয়ার সঙ্গে ব্যবধান ৩৮ পয়েন্ট। সাপ্তাহিক হালনাগাদে টেস্ট র‍্যাঙ্কিংয়েও এসেছে পরিবর্তন। ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে একমাত্র ইনিংসে সেঞ্চুরি করে তিন ধাপ এগিয়ে দশ নম্বরে উঠেছেন রোহিত শর্মা। ভারতের ব্যাটসম্যানদের মধ্যে তিনিই সবার ওপরে। এছাড়া অভিষেকে ১৭১ রানের ইনিংস খেলে যাশাসবি জয়সওয়াল প্রথমবার র‍্যাঙ্কিংয়ে ঢুকে ৭৩ নম্বর স্থানে বসেছেন। ওই ম্যাচে ১২ উইকেট নিয়ে বোলারদের র‍্যাঙ্কিংয়ে শীর্ষস্থান আরও পোক্ত করেছেন রবিচন্দ্রন অশ্বিন। ৮৮৪ রেটিং তার। দুইয়ে থাকা প্যাট কামিন্সের সঙ্গে ব্যবধান ৫৫ পয়েন্টের।

# বিশ্বজুড়ে তীব্র দাবদাহে, জাতিসংঘের স্বাস্থ্য সতর্কতা জারি

**আন্তর্জাতিক ডেস্ক :** দিনদিনই উত্তপ্ত হচ্ছে বিশ্ব। ক্রমবর্ধমান দাবদাহের মুখোমুখি হওয়ার জন্য প্রস্তুত থাকতে বলেছে জাতিসংঘ। এদিকে দাবানল ছড়িয়ে পড়ছে বিশ্বের বিভিন্ন জায়গায়। এ পরিপ্রেক্ষিতে বিশ্বজুড়ে দাবদাহ আরো বাড়বে বলেই পূর্বাভাস দেওয়া হয়েছে জাতিসংঘের পক্ষ থেকে। এশিয়া, ইউরোপ ও উত্তর আমেরিকায় জারি করা হয়েছে স্বাস্থ্য সতর্কতা। ক্যালিফোর্নিয়া থেকে চীনা কর্তৃপক্ষ তীব্র দাবদাহের কারণে স্বাস্থ্য সতর্কতা জারি এবং জনগণকে বেশি করে পানি পান ও সূর্যের আলো থেকে দূরে থাকার পরামর্শ দিয়েছে। বিশ্বজুড়েই রেকর্ড তাপমাত্রা বিরাজ করছে। চীন, যুক্তরাষ্ট্র ও ফ্রান্সে রেকর্ড তাপমাত্রা চলছে। বেইজিংয়ে ২৩ বছরের ইতিহাস ভেঙে গত সাত দিন ধরে তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের বেশি রেকর্ড করা হয়েছে। এদিকে গ্রিস ও কেনারি দ্বীপে অগ্নিনির্বাপক সদস্যরা দাবানল নিয়ন্ত্রণে প্রাণপণ চেষ্টা চালিয়ে যাচ্ছেন। স্পেন উচ্চ তাপমাত্রার কারণে রেড এলার্ট জারি করেছে। ইতালির সারদিনিয়া ও সিসিলি দ্বীপে তাপমাত্রা ৪৮.৮ ডিগ্রি সেলসিয়াস ছাড়াতে পারে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে। এদিকে ইরানে ৬৬ ডিগ্রি সেলসিয়াসেরও বেশি তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। গত সোমবার দেশটির দক্ষিণাঞ্চলীয় প্রদেশ বুশেহরের আসালুয়েহ জেলার পার্সিয়ান গালফ আন্তর্জাতিক বিমানবন্দর এলাকায় দুপুর ১২টায় এই তাপমাত্রা রেকর্ড করা হয়। যুক্তরাষ্ট্রভিত্তিক জলবায়ু পর্যবেক্ষণ সংস্থা ইউএস স্টর্মওয়াচের কর্মকর্তা কলিন ম্যাকার্থি এক টুইট বার্তায় এই তথ্য নিশ্চিত করেন। যুক্তরাষ্ট্র তীব্র তাপমাত্রা মোকাবেলা করছে। টেক্সাসের সান এঞ্জেলো শহরে তাপমাত্রা ৪০ থেকে ৪২ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছবে বলে আবহাওয়া অফিস থেকে জানানো হয়েছে। জাতিসংঘের আবহাওয়া সংস্থা (ডাব্লিওএমও) বলেছে, তাপমাত্রা সহজে কমছে না। ডাব্লিওএমও-এর তাপবিষয়ক উপদেষ্টা জন নায়ারন জেনেভায় সাংবাদিকদের বলেছেন, তাপমাত্রা আরো বাড়বে। বিশ্বকে আরো দাবদাহের জন্য প্রস্তুত হতে হবে। ফ্রান্সের জলবায়ু বিষয়ক ইনস্টিটিউট পিয়েরে সিমন লাপেলেসের পরিচালক রবার্ট ভটার্ড বলেছেন, ইউরোপ ও বিশজুড়ে চলা এই দাবদাহ শুধু একটি কারণে নয়, একাধিক বিষয় এতে রয়েছে। তবে জলবায়ু পরিবর্তনের প্রভাব এখন পুরো বিশ্ব দেখছে।

সূত্র : বাসস



# পেরুতে বাস দুর্ঘটনা, নিহত ১২

**আন্তর্জাতিক ডেস্ক :** পেরুর প্রত্যন্ত একটি অঞ্চলে গত মঙ্গলবার এক বাস দুর্ঘটনায় কমপক্ষে ১২ জন নিহত এবং আরও ১২ জনেরও বেশি মানুষ আহত হয়েছে। বাসটি গিরিখাতে পড়ে গেলে এ হতাহতের ঘটনা ঘটে। কর্তৃপক্ষ এ কথা জানিয়েছে। খবর এএফপি'র। ফিৎজকারাল্ড প্রদেশের মেয়র কার্লোস ওয়োলা বেতার কেন্দ্র আরপিপি'কে বলেন, এ মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় এখন পর্যন্ত ১২ জন নিহত ও ১৫ জন আহত হওয়ার খবর পাওয়া গেছে। আমরা এখনো ঘটনাস্থলে কাজ করছি এবং পুলিশ, স্বাস্থ্যকর্মী ও প্রসিকিউটরদের সঙ্গে একত্রে সব ধরনের সহায়তা প্রদান করছি।' খবরে বলা হয়, গত মঙ্গলবার বিকেলে আঙ্কাশের আন্দিয়ান অঞ্চলে বাসটি উল্টে গিয়ে প্রায় ১০০ মিটার গভীর একটি গিরিখাতে পড়ে যাওয়ায় এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে। বাসটি ইয়াউয়া থেকে রাজধানী লিমার দিকে যাচ্ছিল। মেয়র বলেন, স্থানীয় বাসিন্দাদের দেওয়া তথ্য অনুযায়ী বাসটি ভয়ঙ্করভাবে রাস্তা থেকে গড়িয়ে পড়ে। এ দুর্ঘটনার কারণ জানতে তদন্ত শুরু করা হয়েছে। দ্রুত গতি, দুর্বল যোগাযোগ ব্যবস্থা, ঝুঁকিপূর্ণ রাস্তায় সাইনবোর্ডের অভাব এবং ট্রাফিক আইনের দুর্বল প্রয়োগের কারণে প্রায় পেরুর বিভিন্ন মহাসড়কে দুর্ঘটনা ঘটে থাকে।



# কলম্বিয়ায় মাটি ধসে নিহত ১৫

**আন্তর্জাতিক ডেস্ক :** গত মঙ্গলবার মধ্য কলম্বিয়ায় মাটি ধসে যাওয়ায় প্রাণ হারিয়েছেন ১৫ জন। আরও বেশ কিছু মানুষ আটকে থাকায় চলছে উদ্ধারকার্য। রাজধানী বোগোটার সঙ্গে দেশের পূর্বাঞ্চলকে সংযুক্ত করা একটি হাইওয়ে অকেজো হয়ে পরেছে এই ধস নামার ফলে। প্রবল বৃষ্টির ফলে সমতলভূমিতে বেশি পানি জমে যাওয়ায় এমন ঘটনা ঘটেছে বলে জানা গেছে। দমকলকর্মী ক্যাপ্টেন আলভারো ফারফান সংবাদমাধ্যমকে বলেন যে ১৫ জনকে নিহত অবস্থায় উদ্ধার করা হয়। আরও ছয়জন আহত হন। বোগোটা থেকে ৬২ কিলোমিটার দূরে অবস্থিত কেতামে শহরের বেশ কয়েকটি বাসা ভেঙে যায় ধসের কারণে। বোগোটা-ভিয়াভিসেনসিও হাইওয়ের একটি সেতু ও একটি টোল বুথ ভেঙে যায়। পাহাড়ের কাছে বা নদীর ধারে থাকা বাসা ক্ষতিগ্রস্ত হয়েছে। ঘটনার কথা জানাজানি হলে পরিবার পরিজনেরা ছুটে যান সেখানে প্রিয়জনের খোঁজে। কলম্বিয়ার প্রেসিডেন্ট গুস্তাভো পেত্রো তার শোকজ্ঞাপন করে একটি টুইট করেন। তিনি সেখানে বলেন যে এই ঘটনাও প্রমাণ করে যে স্থানীয় কর্তৃপক্ষের পরিকল্পনা করার ক্ষেত্রে আরো সচেতন থাকা উচিত। এই ধস পূর্ব কলম্বিয়া ও বোগোটার মাঝে পণ্যের চলাফেরাকে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত করছে, কারণ এই পথ দিয়েই যাওয়া আসা করে এই অঞ্চলের প্রয়োজনীয় মাংস, তেল ও চাল।

**দুর্যোগ নতুন নয়:** কলম্বিয়ার সামরিক বাহিনীর ৮০ জন সেনাকে মোতায়েন করা হয়েছে উদ্ধারকার্যে সাহায্যের জন্য। কিন্তু এমন দুর্যোগ নতুন নয়। কলম্বিয়াতে বর্ষাকালের সূচনা হয় জুনে, যা চলে নভেম্বর পর্যন্ত। গত বছর মৌসুমী বৃষ্টিতেই প্রায় তিনশজন প্রাণ হারান।



# জয় পেতে মুখিয়ে অস্ট্রেলিয়া-ইংল্যান্ড

**স্পোর্টস ডেস্ক :** প্রথম তিন ম্যাচ শেষে ইংল্যান্ডের বিপক্ষে ২-১ ব্যবধানে এগিয়ে থাকা অস্ট্রেলিয়া শুরু হওয়া চতুর্থ টেস্ট জিতেই অ্যাশেজ নিশ্চিত করতে চায়। অন্যদিকে সিরিজের আশা বাঁচিয়ে রাখতে চতুর্থ টেস্টে জিততেই হবে স্বাগতিক ইংল্যান্ডকে। ম্যানচেষ্টারের ওল্ড ট্রাফোর্ডে সিরিজের চতুর্থ টেস্টটি শুরু হবে বাংলাদেশ সময় বিকেল ৪টায়। বার্মিংহামের এজবাস্টনে সিরিজের প্রথম টেস্টে ২ উইকেটের রোমঞ্চকর জয় পায় অস্ট্রেলিয়া। ২৮১ রানের টার্গেটে নবম উইকেটে দুই টেল-এন্ডার অধিনায়ক প্যাট কামিন্স ও নাথান লায়নের অবিচ্ছিন্ন ৫৫ রানে জয় নিয়ে মাঠ ছাড়ে অজিরা। কামিন্স ৪৪ ও লায়ন ১৬ রানে অপরাজিত থাকেন। লর্ডসে সিরিজের দ্বিতীয় টেস্ট জয়-পরাজয়কে ছাপিয়ে আলোচনার জন্ম দেয় জনি বেয়ারস্টোর আউট। ম্যাচ জিততে ইংল্যান্ডকে ৩৭১ রানের টার্গেট ছুঁড়ে দেয় অস্ট্রেলিয়া। টার্গেট স্পর্শ করতে না পেরে ৪৩ রানে ম্যাচ হারে ইংলিশরা। কিন্তু ইংল্যান্ডের দ্বিতীয় ইনিংসে জনি বেয়ারস্টোর আউট নিয়ে সরগরম হয়ে উঠে লর্ডস। অস্ট্রেলিয়ার পেসার ক্যামেরন গ্রিনের বাউন্সার না খেলেই ডড বল চিন্তা করে উইকেট ছেড়ে বেয়ারস্টো বেরিয়ে গেলে আন্ডারআর্ম থ্রোতে স্ট্যাম্প ভাঙ্গেন অস্ট্রেলিয়ার উইকেটরক্ষক অ্যালেক্স ক্যারি। তৃতীয় আম্পায়ার বেয়ারস্টোকে স্ট্যাম্পিং আউট ঘোষণা করলে দুই দলের মধ্যে শুরু হয়ে আলোচনা-সমালোচনা।এসবের মাঝে লর্ডসের গরম আবহকে সঙ্গে নিয়ে লিডসে সিরিজের তৃতীয় টেস্টে মুখোমুখি হয় দুই দল। সিরিজ জয়ের আশা বাঁচিয়ে রাখতে জয় ছাড়া অন্য কোন পথ খোলা ছিলো না ইংলিশদের। মার্ক উডের বোলিং নৈপুণ্যের সঙ্গে হ্যারি ব্রুকের ৭৫ রানে ৩ উইকেটে দারুণ জয়ে সিরিজে ব্যবধান কমায় ইংল্যান্ড। ম্যাচে ৭ উইকেট ও ৪০ রান করে ম্যাচ সেরা হন উড।পারফরম্যান্সের ধারাবাহিকতা অব্যাহত রেখে ওল্ড ট্রাফোর্ডেও জয়ের ব্যাপারে আত্মবিশ্বাসী ইংল্যান্ড। দলের অধিনায়ক বেন স্টোকস বলেন, 'প্রথম দুই ম্যাচ হারের পরও আমরা সিরিজে ব্যবধান কমিয়েছি। তবে এখানেই থামতে চাই না। চতুর্থ টেস্ট আমাদের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে সামনে এসেছে। এই ম্যাচ জিতলেই অবিশ্বাস্যভাবে আমাদের সিরিজ জয়ের সুযোগ তৈরি হবে। আমার জানি আমাদের কি করতে হবে, নিজেদের কাজগুলো মাঠেই বাস্তবায়ন করতে চাই।'ওল্ড ট্রাফোর্ডে সর্বশেষ ১৬ টেস্টের মধ্যে ১৩টিতে জিতেছে ইংল্যান্ড। হেরেছে মাত্র একটিতে। সেটি অস্ট্রেলিয়ার কাছেই। ইংল্যান্ডের সেই ১৬ টেস্টের মধ্যে তিনটি ছিলো অস্ট্রেলিয়ার বিপক্ষে। ১টিতে জয় ও ২টিতে ড্র করে অজিরা। স্টিভেন স্মিথের ব্যাটিং, দুই পেসার প্যাট কামিন্স ও জশ হ্যাজেলউডের বোলিংয়ে ২০১৯ সালে ১৮৫ রানে টেস্ট জিতেছিলো অস্ট্রেলিয়া। ঐ টেস্টে ৬ উইকেট নেওয়া হ্যাজেলউড বলেন, 'আমি খুবই উত্তেজিত। ২০১৯ সালে এখানে জয় পেয়েছিলাম। এ ধরনের স্মৃতি ফিরে আসা ভালো।' ওল্ড ট্রাফোর্ডের জয়ের স্মৃতি পুনরাবৃত্তি ঘটাতে পারলে এক ম্যাচ বাকি রেখেই অ্যাশেজ জয় নিশ্চিত হরে অস্ট্রেলিয়ার। যার সুবাদে ২০০১ সালের পর আবারও ইংল্যান্ডের মাটিতে সিরিজ জয়ের নজির গড়বে অজিরা। ওপেনার ডেভিড ওয়ার্নার ও তিন নম্বরে নামা মার্নাস ল্যাবুশানের ফর্ম নিয়ে চিন্তায় অস্ট্রেলিয়া। তিন টেস্টের ছয় ইনিংসে মাত্র ১টি হাফ-সেঞ্চুরিতে ১৪১ রান করেছেন ওয়ার্নার। লাবুশেনের ব্যাট থেকে এসেছে ১৪৪ রান। চলতি সিরিজে ৩বারসহ ইংল্যান্ডের পেসার স্টুয়ার্ট ব্রডের বলে এখন পর্যন্ত ১৭বার আউট হয়েছেন ওয়ার্নার।

# উত্তর কোরিয়ায় জোড়া ক্ষেপণাস্ত্র নিক্ষেপ

**আন্তর্জাতিক ডেস্ক :** উত্তর কোরিয়া তার পূর্ব সাগরে দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ করেছে। বিষয়টি নিশ্চিত করেছে জাপান ও দক্ষিণ কোরিয়ার সামরিক বাহিনী। মার্কিন যুক্তরাষ্ট্রের পরমাণু সজ্জিত ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র সাবমেরিন দক্ষিণ কোরিয়ার একটি বন্দরে আসার কয়েক ঘণ্টা পরই ক্ষেপণাস্ত্র উৎক্ষেপণ করল উত্তর কোরিয়া। জাপানি প্রতিরক্ষা মন্ত্রণালয় পরে জানিয়েছে, এগুলো জাপানের বিশেষ অর্থনৈতিক জোনের বাইরে পড়েছে। জাপানের প্রতিরক্ষামন্ত্রী ইয়াসুকাজু হামাদা সাংবাদিকদের বলেছেন, 'প্রথম ক্ষেপণাস্ত্রটি ৫০ কিলোমিটার উচ্চতায় উঠে ৫৫০ কিলোমিটার দূর পর্যন্ত যায়। দ্বিতীয়টি ৫০ কিলোমিটার ওপরে ওঠে ৬০০ কিলোমিটার দূর পর্যন্ত যায়।' দক্ষিণ কোরিয়ার বার্তা সংস্থা ইয়ুনহাপ জানিয়েছে, যুক্তরাষ্ট্র ও দক্ষিণ কোরিয়া নিউক্লিয়ার কনসালটেটিভ গ্রুপের (এনসিজি) প্রথম বৈঠকে মিলিত হওয়ার পরই নতুন করে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা চালায় উত্তর কোরিয়া।

# আফগানিস্তানে বিউটি পার্লার বন্ধের প্রতিবাদে রাস্তায় নারীরা

**আন্তর্জাতিক ডেস্ক :** আফগানিস্তানে বিউটি পার্লারগুলো চালু রাখার দাবিতে রাস্তায় নেমেছেন নারীরা। সম্প্রতি দেশটির সব বিউটি পার্লার বন্ধ করে দেওয়ার নির্দেশ দেয় তালেবান। এর প্রতিবাদে গতকাল বুধবার কাবুলের রাস্তায় বিক্ষোভ করেছেন একদল নারী। তাদের অভিযোগ, বিউটি পার্লার বন্ধ করে দেওয়ার মাধ্যমে তাদের রুটি-রুজি কেড়ে নেওয়া হচ্ছে। খবর এএফপির। ২০২১ সালের আগস্টে ক্ষমতা দখলের পর থেকেই আফগানিস্তানে নারীদের অধিকার সীমিত করে একের পর এক বিতর্কিত সিদ্ধান্ত নিয়েছে তালেবান। মেয়েদের স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা বন্ধ, নারীদের পার্ক যাওয়া, জিমে যাওয়া, রাস্তায় পর্দাবিহীন বের হওয়া নিষিদ্ধ করেছে তারা। চাকরিচ্যুত করা হয়েছে বিভিন্ন অফিস-আদালতে কর্মরত নারীদের। এই প্রবণতার সবশেষ পদক্ষেপটি ছিল বিউটি পার্লার বন্ধ করা।মার্কিন নেতৃত্বাধীন পশ্চিমা বাহিনী থাকাকালে দুই দশকে আফগানিস্তানের শহরগুলোতে ব্যাঙের ছাতার মতো গজিয়ে উঠেছিল অসংখ্য বিউটি পার্লার। এগুলোতে কাজ করতে প্রধানত নারীরা। ফলে এটি হয়ে উঠেছিল অনেকের সংসার চালানোর হাতিয়ার। কিন্তু গত মাসে তালেবান প্রধান হিবাতুল্লাহ আখুন্দজাদার নির্দেশে আফগানিস্তানের সব বিউটি পার্লার বন্ধ করে দেয় প্রশাসন। গতকাল বুধবার বিক্ষোভকারীদের হাতে থাকা একটি কাগজে



'আমাদের রুটি-রজি কেড়ে নেবেন না' লেখা দেখা গেছে। আফগানিস্তানে বিক্ষোভ বেশ বিরল ঘটনা। তবে এদিন প্রায় ৫০ জন নারী বুচার স্ট্রিটের বিক্ষোভে অংশ নেন। অবশ্য কিছুক্ষণের মধ্যে নিরাপত্তা বাহিনীর তীব্র বাধার মুখে পড়েন তারা।বিক্ষোভকারীদের পাঠানো ছবি ও ভিডিওতে দেখা গেছে, তাদের ওপর জলকামান ব্যবহার করেছে নিরাপত্তা বাহিনী। পেছনে ফাঁকা গুলি ছোড়ার শব্দও পাওয়া যাচ্ছিল। এক পার্লারকর্মী বলেন, আজ আমরা আলোচনা ও সমঝোতার জন্য এই বিক্ষোভের আয়োজন করেছিলাম। কিন্তু কেউ আসেনি আমাদের কথা শুনতে। তারা আমাদের দিকে খেয়ালই করেনি। কিছুক্ষণ পর আকাশে গুলি ছুড়ে ও জলকামান ব্যবহার করে আমাদের ছত্রভঙ্গ করে দেয়।গত জুন মাসের শেষের দিকে আফগানিস্তানের নীতি ও নৈতিকতা প্রচারণা মন্ত্রণালয় বিউটি পার্লারগুলো বন্ধ করার জন্য এক মাস সময় বেঁধে দেয়। তাদের দাবি, মেকআপের পেছনে মোটা টাকা খরচ করা দরিদ্র পরিবারগুলোর জন্য সমস্যা তৈরি করে।

অত্যধিক মেকআপের কারণে নারী-রা ঠিকভাবে ওযু করতে পারেন না। তাছাড়া কিছু পার্লারে অ-ইসলামী কর্মকাণ্ডও চলে। আদেশে বলা হয়, তালোবনের সর্বোচ্চ নেতা হিবাতুল্লাহ আখুন্দজাদার মৌখিক নির্দেশের ভিত্তিতে বিউটি পার্লার বন্ধের এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

# ভারতে ট্রান্সফর্মার বিস্ফোরণে নিহত ১৫

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের উত্তরাখণ্ডের একটি সেতুর ওপর ট্রান্সফর্মার বিস্ফোরণের পর বিদ্যুৎস্পৃষ্ট হয়ে অন্তত ১৫ জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে একজন পুলিশ সদস্য, তিনজন নিরাপত্তারক্ষী রয়েছেন। গতকাল বুধবার সংবাদমাধ্যম এনডিটিভি এক প্রতিবেদনে জানিয়েছে, বিদ্যুতের একটি ট্রান্সফরমারে বিস্ফোরণ হয়ে এ মর্মান্তিক ঘটনা ঘটেছে। যে সেতুতে ১৫ জন প্রাণ হারিয়েছেন সেটি উত্তরাখণ্ডের চামোলি বিভাগের অলকনন্দ নদীর ওপর অবস্থিত। সেতুটি নমামি গেং প্রজেক্টের অংশ ছিল। রাজ্য পুলিশের ডিজি অশোক কুমার বলেছেন, ১৫ জন বিদ্যুৎস্পৃষ্ট হয়েছেন। যার মধ্যে পুলিশের একজন উপপরিদর্শক এবং তিনজন নিরাপত্তারক্ষী ছিলেন। এ দুর্ঘটনার কারণ উৎঘাটনে তদন্ত শুরু হয়েছে। চামোলি বিভাগ পুলিশের এসপি প্রামেন্দ্র দোবাল জানিয়েছেন, গতরাতে এ দুর্ঘটনা ঘটে। তিনি বলেছেন, আমরা ওই গ্রাম থেকে একটি খবর পাই একজন নিরাপত্তারক্ষী (ওয়াচম্যান) বিদ্যুতায়িত হয়ে মারা গেছেন।

## বিনোদন




# বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরি নিয়ে সিনেমা

**বিনোদন প্রতিবেদক :** ২০১৬ সালে বাংলাদেশ ব্যাংক হ্যাকিংয়ে ৮১ মিলিয়ন ডলার (১০ কোটি ১০ লাখ ডলার) হাতিয়ে নেওয়ার ঘটনা তুলে ধরতে যুক্তরাষ্ট্রে মুক্তি পাচ্ছে 'বিলিয়ন ডলার হাইস্ট' শিরোনামের একটি প্রামাণ্যচিত্র। আগামী ১৫ আগস্ট প্রামাণ্যচিত্রটি মুক্তি পাবে বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের প্রযুক্তিভিত্তিক সংবাদমাধ্যম দ্য ভার্জ। ইউনিভার্সাল পিকচার্স হোম এন্টারটেইনমেন্টের তৈরি ও ড্যানিয়েল গর্ডনের নির্মিত আসন্ন প্রামাণ্যচিত্রটি মনে করিয়ে দেয় বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরির ঘটনা কতটা বাস্তব ছিল। এ ঘটনার পর বিশ্বের সাইবার সিকিউরিটি বিশেষজ্ঞরা কী পরিমাণ সতর্ক হয়ে উঠেছিলেন, সেটিও মনে করিয়ে দেয় এই প্রামাণ্যচিত্র। ট্রেলারে দেখা গেছে, প্রামাণ্যচিত্রে দেখানো হবে কীভাবে একদল সিকিউরিটি হ্যাকার বাংলাদেশ ব্যাংক থেকে ৮১ মিলিয়ন ডলার হাতিয়ে নিতে সক্ষম হয়। হ্যাকারদের সামান্য ভুল টাইপের কারণে আরও অনেক অর্থ হাতিয়ে নেওয়া থেকে রক্ষা পায় বাংলাদেশ ব্যাংক। 'বিলিয়ন ডলার হাইস্ট' প্রামাণ্যচিত্রে দেখানো হয়েছে, কীভাবে হ্যাকাররা সুইফট (সোসাইটি ফর ওয়ার্ল্ডওয়াইড ইন্টারব্যাংক ফিন-ান্সিয়াল টেলিকমিউনিকেশন) ব্যাংকিং সিস্টেম ব্যবহার করে ফেডারেল রিজার্ভ ব্যাংক অব নিউইয়র্কে বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের অ্যাকাউন্ট থেকে ১০ কোটি ১০ লাখ ডলার চুরি করে। প্রামাণ্যচিত্রে সাইবার নিরাপত্তা বিশেষজ্ঞ ও লেখক মিশা গ্লেনির সাক্ষাৎকার রয়েছে। সেখানে তিনি যুক্তি দিয়েছেন, গণবিধ্বংসী অস্ত্র এবং জলবায়ু পরিবর্তনের মতো মানবতার জন্য একই ধরণের হুমকি সৃষ্টি করে সমন্বিত সাইবার আক্রমণ।

# ঢাকায় আসছেন রমজান মিয়া

**বিনোদন ডেস্ক :** হলিউডের বহুল আলোচিত সিনেমা 'বার্বি' তে অভিনয় করেছেন বাংলাদেশি বংশোদ্ভূত যুক্তরাজ্যের মডেল ও অভিনেতা রমজান মিয়া। ২১ জুলাই বিশ্বজুড়ে মুক্তি পেতে চলেছে সিনেমাটি। আর এ উপলক্ষে সিনেমাটির প্রিমিয়ারে অংশ নিতে ঢাকায় আসছেন রমজান মিয়া। সংবাদ মাধ্যমের খবর অনুযায়ী, ২০ জুলাই সন্ধ্যায় ঢাকার স্টার সিনেপ্লেক্সের এসকেএস টাওয়ার শাখায় সিনেমার প্রিমিয়ার শোতে রমজান উপস্থিত থাকবেন। ওয়ার্নার ব্রাদার্সের 'বার্বি' সিনেমাটি নির্মাণ করেছেন গ্রেটা গেরউইগ। সিনেমার মূল দুই চরিত্রের মধ্যে 'বার্বি'র ভূমিকায় দেখা যাবে মার্গট রবি ও 'কেইন' চরিত্রে রায়ান গসলিংকে। সিনেমায় 'দক্ষিণ এশিয়ান কেইন' চরিত্রে অভিনয় করেছেন রমজান মিয়া। রমজানের মা-বাবা বাংলাদেশি। কিন্তু তার জন্ম যুক্তরাজ্যে। সংগীত ও নৃত্যে পড়াশোনা শেষ করে মডেল হিসেবে ক্যারিয়ার শুরু করেন রমজান। পরে অভিনয়ে নাম লেখান এই অভিনেতা। রমজানের প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র 'গোস্ট স্টোরিজ'। ২০১৬ সালে ব্রিটিশের ভৌতিক এই চলচ্চিত্রে চুক্তিবদ্ধ হন। অ্যান্ডি নাইম্যান ও জেরেমি ডায়সনের নির্মিত ওই সিনেমায় এসথার গুডম্যান নামের এক নারীর প্রেমিকের ভূমিকায় অভিনয় করেন রমজান।

# 'হিরো' আলম এবার ভারতের শীর্ষ গণমাধ্যমে

**বিনোদন ডেস্ক :** বর্তমানে বাংলাদেশের অন্যতম ইন্টারনেট সেনসেশন হিরো আলম। ডিশ লাইনের ব্যবসা থেকে উঠে আসা আশরাফুল আলম ওরফে হিরো আলম বিগত সময়গুলোতে একের পর খবরের শিরোনামে থাকছেন। কখনো অভিনয় করে, কখনো বিতর্কিতভাবে গান গেয়ে, কখনো কবিতা আবৃত্তি করে। এমনকি নিজ এলাকা থেকে করেছিলেন জাতীয় নির্বাচনও! একের পর এক কর্মকাণ্ডে আলোচনার শীর্ষে থাকা হিরো আলম এবার নতুন করে এলেন শিরোনামে! এবার আর লোকাল নির্বাচন নয়, একদম পা বাড়ালেন ঢাকা-১৭ আসনের উপ-নির্বাচনে। স্বতন্ত্র প্রার্থী হিসেবে এই আসন থেকে দাঁড়িয়ে নির্বাচনের দিন গনধোলাই ও মারপিটের শিকার হন হিরো আলম। যা নিয়ে রীতিমতো তোলপাড় বাংলাদেশের মিডিয়া। তবে হিরো আলমের এই ঘটনা শুধু বাংলাদেশেই সীমাবদ্ধ নেই, ছড়িয়ে পড়েছে ভারতের মিডিয়াতেও। বাংলাদেশের পাশাপাশি প্রতিবেশি দেশ ভারতেও গত কয়েক বছরে হিরো আলমের জনপ্রিয়তা বেড়েছে। ভারতের শীর্ষ গণমাধ্যম 'টাইমস অফ ইন্ডিয়া' হিরো আলমকে নিয়ে প্রতিবেদন করেছে। "অভিনেতা-সোশ্যাল মিডিয়া প্রভাবশালী ব্যক্তিত্ব হিরো আলমের মারধরের ভিডিও ভাইরাল, হাসপাতালে ভর্তি"- এই শিরোনামে প্রকাশিত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, "বাংলাদেশে চলমান ঢাকা ১৭ আসনের উপ-নির্বাচনের সময়, অভিনেতা ও সোশ্যাল মিডিয়া প্রভাবশালী ব্যক্তিত্ব হিরো আলম একজন স্বতন্ত্র প্রার্থী হিসেবে বনানীতে একটি ভোটকেন্দ্রে মর্মান্তিক শারীরিক নির্যাতনের সম্মুখীন হন। বিকাল ৩টা ২০ মিনিটের দিকে এ ঘটনা ঘটে।" প্রতিবেদনে আরো উল্লেখ করা হয়, "নির্বাচন কেন্দ্রে টিকটক ভিডিও চিত্রগ্রহণের সময় কিছু ব্যক্তি হিরো আলমের কাছে গিয়ে তার সমালোচনা করেছিলেন। হঠাৎ পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে, যার ফলে শারীরিক হামলার শিকার হন হিরো আলম। তিনি ভবনে প্রবেশ করার সময় হামলাকারীরা তাকে করিডোর থেকে টেনে বের করে নিয়ে যায়। প্রশাসনের লোকজন থাকা সত্ত্বেও হিরো আলমকে একদল লোক নিরলসভাবে তাড়া করে এবং আক্রমণ করে। ভোট কেন্দ্রের সামনের রাস্তায় হামলা চলতে থাকে। অবশেষে বিকেল সাড়ে ৩টার দিকে একটি গাড়িতে করে পালিয়ে যেতে সক্ষম হন হিরো আলম।" টাইমস অফ ইন্ডিয়া ছাড়াও হিন্দুস্তান টাইমস, ইন্ডিয়া টুডের মতো শীর্ষ পোর্টালে হিরো আলমের উপর হামলার প্রতিবেদনটি উঠে এসেছে। ১৭ জুলাই বনানীতে ভোটকেন্দ্র পরিদর্শনের সময় হামলার শিকার হওয়া স্বতন্ত্র প্রার্থী আশরাফুল হোসেন আলম ওরফে হিরো আলম বর্তমানে সুস্থ আছেন।



# এনসিএল শুরু ১০ অক্টোবর




**স্পোর্টস ডেস্ক :** আগামী ১০ অক্টোবর থেকে শুরু হবে বাংলাদেশের দু'টি প্রথম শ্রেণির টুর্নামেন্টের একটি জাতীয় ক্রিকেট লিগ (এনসিএল)। ইতোমধ্যেই আসন্ন মৌসুমের ঘরোয়া ক্যালেন্ডার চূড়ান্ত করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। দ্বি-স্তর বিশিষ্ঠ চার দিনের এই টুর্নামেন্টে সাতটি বিভাগ এবং ঢাকা মেট্রো অংশ নিবে। ১৭ নভেম্বর শেষ হবে এনসিএল। এরপর ২৬ নভেম্বর থেকে শুরু হবে দেশের প্রথম শ্রেণির শীর্ষ টুর্নামেন্ট হিসাবে বিবেচিত বাংলাদেশ ক্রিকেট লিগ (বিসিএল)। এনসিএলের পারফরমেন্সের ভিত্তিতে বিসিএলের চারটি দলে জায়গা করে নেবেন ক্রিকেটাররা। বিসিএল শেষ হবে ১৯ ডিসেম্বর। ওয়ানডে ফরম্যাটের বিসিএল চলবে ২২ থেকে ৩০ ডিসেম্বর পর্যন্ত। আগামী বছরের ১০ জানুয়ারি থেকে বাংলাদেশ প্রিমিয়ার লিগ (বিপিএল) টি-টোয়েন্টি টুর্নামেন্ট শুরু হওয়ার কথা থাকলেও জাতীয় নির্বাচনের জন্য সময়সূচিতে পরিবর্তন হতে পারে। আগামী বছরের ১২ মার্চ থেকে শুরু হবে ঘরোয়া ক্রিকেটের সবচেয়ে আকর্ষণীয় ওয়ানডে প্রতিযোগিতা ঢাকা প্রিমিয়ার লিগ (ডিপিএল)।

# কোরিয়ান যুবককে বিয়ে করলেন বাংলাদেশি মডেল

**এফএনএস বিনোদন:** হযরত শাহজালাল বিমানবন্দর টার্মিনাল-৩ নির্মাণে দক্ষিণ কোরিয়ার নাগরিক তেহো কিম ঢাকায় এসে বাংলাদেশি তরুণীর প্রেমে পড়ে যান। প্রেম থেকে গড়াল বিয়ে। তেহো কিম পেশায় একাউন্টস ম্যানেজার। জানা গেছে, এক পরিচিত বন্ধুর মাধ্যমে ২০২০ সালের ডিসেম্বরে বাংলাদেশি মডেল অভিনেত্রী পিজে হেলেনের সঙ্গে পরিচয় হয় তেহো কিমের। ২০২১ সালে জানুয়ারিয়াতে কিমের সঙ্গে প্রেমের সম্পর্কে জড়ান হেলেন। ১৮ মার্চ দুই পরিবারের সম্মতিতে ঢাকার একটি ক্লাবে ধুমধাম আয়োজনে অনুষ্ঠিত হয়েছে তাদের বিবাহোত্তর সংবর্ধনা। এ খবর প্রকাশ্যে এসেছে সম্প্রতি। বুধবার দুপুরে হেলেন বলেন, কিমের সঙ্গে আমার সম্পর্ক হবার পর বিয়ের সিদ্ধান্ত নেই। ওর পরিবার আমাকে দেখতে চায়। চার বার কোরিয়া গিয়ে তাদের সঙ্গে দেখা করেছি। তাদের সংস্কৃতি আমাকে আকৃষ্ট করে। এরপরে আমরা বিয়ে করি। স্থায়ীভাবে কোরিয়ার সিউলে বসবাস করবেন বলে জানালেন পিজে হেলেন। বললেন, আমার স্বামীর বাংলাদেশের প্রোজেক্ট শেষ হবে ২০২৪ সালে। এরপর আমরা কোরিয়ার সিওউলে স্থায়ীভাবে বসবাস করবো। ওখানেই ওদের বাড়িঘর, পরিবারের সবা ই থাকে। কিমের পরিবারের সঙ্গে হেলেন (বাম থেকে দ্বিতীয়) কড়িয়ান ভাষা জানেন না হেলেন, কথা চালান ইংরেজি দিয়ে। সংবাদমাধ্যমের সঙ্গে আলাপকালে এমনটাই জানালেন তরুণী। আমাদের দুজনের মধ্যে যোগাযোগের সমস্যা নেই। তবে কোরিয়ান ভাষাটা আমি জানি না। শিখছি। তিনি বলেন, আমরা দুজনেই ইংরেজিতে দক্ষ। এজন্য কমিনিকেশনে কোনো সমস্যা হয়নি। সে আমাকে প্রথম প্রপোজ করেছিল। সে ভালো বাংলা বলতে না পারলেও বোঝে। তার সঙ্গে পরিচয়ের পর বুঝেছি মানুষ হিসেবে সে খুবই সৎ এবং আমাকে কেয়ার করে।



# জরিমানা দিয়ে ছাড়া পেলেন জিজি হাদিদ

**বিনোদন ডেস্ক :** আমেরিকার জনপ্রিয় মডেলদের মধ্যে বর্তমান সময়ে জিজি হাদিদ অন্যতম। একাধিক বিশ্বখ্যাত ফ্যাশন ব্র্যান্ডের হয়ে র‍্যাম্পে হাঁটা হয়েছে তার। সম্প্রতি প্যারিস ফ্যাশন উইকে অংশগ্রহণ করেছিলেন জিজি। সেই উপলক্ষেই ছিলেন ফ্রান্সে। সেখান থেকে ফেরার সময়ে গাঁজা-সহ বিমানবন্দরে ধরা পড়েন জিজি। সঙ্গে ছিলেন তার খুব কাছের বন্ধু লিয়া নিকোল ম্যাকার্থি।

ইউএসএ টুডের প্রতিবেদন অনুযায়ী, বিদেশ থেকে আমেরিকায় মাদক পাচার করার সন্দেহে তাদের গ্রেপ্তার করা হয় জিজি হাদিদ ও তার বন্ধুকে। যদিও তাদের কাছে খুব কম পরিমাণেই মাদক ছিল বলে মাথাপিছু এক হাজার আমেরিকান ডলার জরিমানা দিয়ে ছাড়া পেয়ে যান তারা। এর আগেও ২০১৫ সালে 'ভিক্টোরিয়াস সিক্রেট'-এর একটি অনুষ্ঠানে কোকেনের নেশা করার অভিযোগ উঠেছিল জিজির বিরুদ্ধে। যদিও সেই অভিযোগ অস্বীকার করেছিলেন সুপারমডেল। ইদানিং ব্যক্তিগত জীবনের কারণে একাধিক বার চর্চায় উঠে এসেছে জিজির নাম। হলিউডে কানাঘুষো, লিওনার্দো ডিক্যাপ্রিওর সঙ্গে নাকি প্রেম করছেন তিনি। যদিও প্রেমের কথা কখনও স্বীকার করেননি জিজি বা লিও কেউই। এর আগে ব্রিটিশ ব্যান্ড 'ওয়ান ডিরেকশন'-এর প্রাক্তন সদস্য জায়ান মালিকের সঙ্গেও বছর ছয়েক প্রেমের সম্পর্কে ছিলেন জিজি।

